গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
প্রশাসন -২ শাখা
www.sid.gov.bd

বিষয়ঃ স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৫তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালনের কর্মসূচি চূড়ান্তকরণের লক্ষ্যে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী ।

| | | |
|---|---|---|
| সভার তারিখ ও সময় | : | ৩০ জুলাই ২০২০ সকাল ১১.০০ ঘটিকা। |
| সভার স্থান | : | পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সভাকক্ষ (এ-ব্লক)। |
| সভাপতি | : | জনাব মুহাম্মদ ইয়ামিন চৌধুরী<br>সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ। |
| আলোচ্য বিষয় | : | ক. "জাতীয় শোক দিবস-২০২০" পালনের সার্বিক প্রস্তুতি;<br>খ. বিবিধ। |
| সভায় উপস্থিতি | : | পরিশিষ্ট-ক। |

০২। সভার শুরুতে সভাপতি স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপনপূর্বক উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত সচিব (প্রশাসন) সভায় মন্ত্রিপরিষদ বিভাগে গত ১৬-০৭-২০২০ তারিখে অনুষ্ঠিত জাতীয় শোক দিবস পালনের কর্মসূচি চূড়ান্তকরণ সংক্রান্ত আন্ত: মন্ত্রণালয় সভার কার্যবিবরণীতে বর্ণিত নির্দেশনাসমূহ তুলে ধরেন। উক্ত কার্যবিবরণীর নির্দেশনার আলোকে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের উদ্যোগে যথাযথ মর্যাদায় ও ভাবগম্ভীর পরিবেশে জাতীয় শোক দিবস পালনের লক্ষ্যে সভাপতি উপস্থিত সকলের মতামত আহ্বান করেন।

০৩। বিস্তারিত আলোচনার পর আগামী ১৫ আগস্ট ২০২০ তারিখ শনিবার স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৫তম শাহাদত বার্ষিকীতে শোক দিবস পালনের উদ্দেশ্যে সর্বসম্মতিক্রমে নিম্নরুপ সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্র: নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ৩.১ | স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৫তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালন | সভায় পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো যৌথভাবে জাতীয় শোক দিবস পালনের বিষয়ে আলোচনা হয়। | পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো যৌথভাবে জাতীয় শোক দিবস পালন করবে। | পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো। |
| ৩.২ | জাতীয় শোক দিবসে জাতীয় পতাকা অর্ধনমিত করণ | জাতীয় শোক দিবসে পরিসংখ্যান ভবনসহ বিভাগীয়, জেলা ও উপজেলা পরিসংখ্যান কার্যালয়ে জাতীয় পতাকা অর্ধনমিত রাখার বিষয়ে আলোচনা হয়। | জাতীয় শোক দিবসে মানসম্মত কাপড়ে ও যথানিয়মে প্রস্তুতকৃত জাতীয় পতাকা পরিসংখ্যান ভবন ও মাঠপর্যায়ে সকল পরিসংখ্যান কার্যালয়ে অর্ধনমিত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | মহাপরিচালক বিবিএস |

অপর পৃষ্টায় দ্রষ্টব্য:

পুর্ব পৃষ্ঠার পর:

| নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ৩.৩ | পরিসংখ্যান ভবনে স্থাপিত জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ। | পরিসংখ্যান ভবনে স্থাপিত জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পনের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | পরিসংখ্যান ভবনে স্থাপিত জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে সকাল ৯.৪৫ ঘটিকায় পুষ্পস্তবক অর্পণ করা হবে। | পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ ও বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো। |
| ৩.৪ | জাতীয় শোক দিবসে আলোচনা সভা ও দোয়া। | জাতির পিতার প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণের পর সকাল ১০.০০ ঘটিকায় পরিসংখ্যান ভবনের নীচ তলার অডিটরিয়ামে দোয়া ও আলোচনা অনুষ্ঠানের বিষয়ে সভায় একমত পোষণ করে। অনুষ্ঠান আয়োজনের ক্ষেত্রে ভার্চুয়াল প্লাটফর্ম ব্যবহারকে অগ্রাধিকার দিতে হবে। | জাতীয় শোক দিবসে দোয়া ও আলোচনা সভা সকাল ১০.০০ ঘটিকায় অনুষ্ঠিত হবে। আলোচনা সভায় পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ ও বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো'র আমন্ত্রিত কর্মকর্তাগণকে উপস্থিত থাকতে হবে।<br>আলোচনা সভায় মাননীয় পরিকল্পনা মন্ত্রী মহোদয়কে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকার জন্য আমন্ত্রন জানাতে হবে। | পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বিবিএস |
| ৩.৫ | পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ ও বিবিএস কর্তৃক যৌথভাবে শোক দিবসের বিস্তারিত কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়ন | জাতীয় শোক দিবসের কর্মসূচির সাথে সঙ্গতি রেখে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ ও বিবিএস কর্তৃক যৌথভাবে বিস্তারিত কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়নের লক্ষ্যে বিভিন্ন কমিটি গঠনের বিষয়ে আলোচনা হয়। | জাতীয় শোক দিবস পালনে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ ও বিবিএস কর্তৃক যৌথভাবে বিস্তারিত কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়নের নিমিত্ত বিভাগ ও বিবিএস'র কর্মকর্তাদের সমন্বয়ে উপকমিটি গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়। উপকমিটির গঠনরুপ ও কার্যপরিধি পরিশিষ্ট-খ এ সংযুক্ত। | পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বিবিএস |
| ৩.৬ | বিবিএস'র মাঠ পর্যায়ের অফিস সমূহে জাতীয় শোক দিবস পালন | বিভাগীয়, জেলা ও উপজেলা পর্যায়ে পরিসংখ্যান অফিসসমূহ স্থানীয় প্রশাসনের সাথে ঘনিষ্ঠ যোগাযোগ রেখে কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়নের বিষয়ে আলোচনা হয়। | স্থানীয় প্রশাসন কর্তৃক আয়োজিত অনুষ্ঠানে বিভাগীয়/জেলা ও উপজেলা পর্যায়ের অফিস প্রধানগণ বাধ্যতামূলকভাবে অংশগ্রহণ করবেন।<br>কেন্দ্রীয়ভাবে পরিসংখ্যান ভবনে আয়োজিত আলোচনা সভায় ভার্চুয়ালি মাঠ পর্যায়ের সকল কার্যালয়ের অন্য কর্মকর্তা/কর্মচারীগণকে আবশ্যিক অংশগ্রহণ করবেন। | মহাপরিচালক বিবিএস |
| ৩.৭ | জাতীয় শোক দিবস-২০২০ অনুষ্ঠানে উপস্থিতি নিশ্চিতকরণ | সকল মন্ত্রণালয়/বিভাগ অধীনস্ত দপ্তর/সংস্থার কর্মকর্তাগণকে সক্রিয় অংশগ্রহণ ও উপস্থিতি নিশ্চিত করার এবং অনুপস্থিত কর্মকর্তাগণের তালিকা প্রস্তুত করে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ বিষয়ে সভায় আলোচনা হয়। | ১৫ আগস্ট ২০২০ জাতীয় শোক দিবস অনুষ্ঠানে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর যে সকল কর্মকর্তা/কর্মচারীদের আমন্ত্রণ জানানো হবে তাদের উপস্থিতি আবশ্যিকভাবে নিশ্চিত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | মহাপরিচালক বিবিএস ও অতিরিক্ত সচিব (প্রশাসন) |

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য:

পুর্ব পৃষ্ঠার পর:

০৪। উপর্যুক্ত সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন কার্যক্রমের অগ্রগতির পর্যালোচনার জন্য আগস্ট মাসের প্রথম সপ্তাহে কর্মসূচী বাস্তবায়নে একটি ফলো-আপ সভা করার সিদ্ধান্ত গৃহীত হয়।

০৫। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

৩০.৭.২০২০

মুহাম্মদ ইয়ামিন চৌধুরী
সচিব

নং: -৫২.০০.০০০০.০০৬.২৩.৬৯৪.১৮-

তারিখ: ১৫ শ্রাবণ ১৪২৭ / ৩০ জুলাই ২০২০

প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো:

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। অতিরিক্ত সচিব (সকল), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
৩। মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, ঢাকা।
৪। উপমহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, ঢাকা।
৫। যুগ্মসচিব (সকল), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
৬। উপসচিব (সকল), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
৭। পরিচালক (সকল), বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো।
৮। আয়ন ব্যয়ন কর্মকর্তা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।
৯। সিস্টেম এনালিস্ট, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।
১০। সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (সকল), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
১১। প্রোগ্রামার, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

সদয় অবগতির জন্য অনুলিপি:

১। সচিবের একান্ত সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২। অফিস কপি/গার্ড নথি।

৩০.৭.২০২০

সৌমিত্র কুমার পাল
সহকারী সচিব

Sid-694 অংশ-৩ 81

**জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৫তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোকদিবস-২০ পালনের জন্য গঠিত উপ-কমিটিসমূহ:**

(ক) **অনুষ্ঠান উপ-কমিটি:**

| ক্রম: | নাম | পদবি | কমিটিতে অবস্থান |
|---|---|---|---|
| ১ | জনাব ঘোষ সুব্রত | উপমহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো | আহ্বায়ক |
| ২ | মো.রফিকুল ইসলাম | উপসচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ | সদস্য |
| ৩ | মো. আব্দুল হান্নান | জিআরও (চলতি দায়িত্ব), বিবিএস | সদস্য |
| ৪ | মো. হারুন উর রশিদ | এস.আই ও সভাপতি বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর কর্মকর্তা/কর্মচারীদের প্রতিনিধি। | সদস্য |
| ৫ | জনাব কালাচাঁদ সরকার | সিনিয়র সহকারী সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ | সদস্য-সচিব |

**কার্যপরিধি:** বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ সংক্রান্ত আনুষঙ্গিক যাবতীয় কার্যক্রমের পরিকল্পনা, বাস্তবায়ন ও অন্যান্য।

(খ) **আলোচনা, দোয়া ও আপ্যায়ন উপ-কমিটি:**

| ক্রম: | নাম | পদবি | কমিটিতে অবস্থান |
|---|---|---|---|
| ১ | মোহাম্মদ আবদুল কাদির মিয়া | পরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো | আহ্বায়ক |
| ২ | শেখ মুর্শিদুল ইসলাম | উপসচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ | সদস্য |
| ৩ | মো. মাসুদ আলম | পরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো | সদস্য |
| ৪ | মো. রফিকুল ইসলাম | সিস্টেম এনালিস্ট,পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ | সদস্য |
| ৫ | এ কে এম আশরাফুল হক | যুগ্মপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো | সদস্য |
| ৬ | মু: ওয়াহিদ মুরাদ | প্রোগ্রামার, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ | সদস্য |
| ৭ | ইফতেখাইরুল করিম | উপপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো | সদস্য-সচিব |

**কার্যপরিধি:** শোকদিবস উপলক্ষে ১৫ আগস্টে একটি শোক সভা, দোয়া মাহফিল অনুষ্ঠান এবং আপ্যায়ন সংক্রান্ত আনুষঙ্গিক যাবতীয় কার্যক্রমের পরিকল্পনা, বাস্তবায়ন ও অন্যান্য।

(গ) **সাজসজ্জা উপ-কমিটি:**

| ক্রম: | নাম | পদবি | কমিটিতে অবস্থান |
|---|---|---|---|
| ১ | ড.দিপংকর রায় | উপসচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ | আহব্বায়ক |
| ২ | সুফিয়া আক্তার রুমী | উপসচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ | সদস্য |
| ৩ | মুশতানজিদা পারভীন | সিনিয়র সহকারী সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ | সদস্য |
| ৪ | আলমগীর হোসেন | উপপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো | সদস্য |
| ৫ | লিজেন শাহ নঈম | উপপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো | সদস্য |
| ৬ | মোহাম্মদ সেলিম সরকার | উপপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো | সদস্য |
| ৭ | মো. মহিউদ্দীন আহমেদ | উপ-পরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো | সদস্য-সচিব |

**কার্যপরিধি:** শোকদিবস উপলক্ষে পরিসংখ্যান ভবন ভাবগাম্ভীর্যপূর্ণভাবে সজ্জিতকরণ, কালব্যাচ সংগ্রহ, ড্রপব্যানার স্থাপন এবং আলোচনা অনুষ্ঠানের মঞ্চসজ্জা সংক্রান্ত আনুষঙ্গিক যাবতীয় কার্যক্রমের পরিকল্পনা, বাস্তবায়ন ও অন্যান্য।

৩০/৭/২০২০

(ঘ) **অর্থ উপ-কমিটি:**

| ক্রম: | নাম | পদবি | কমিটিতে অবস্থান |
|---|---|---|---|
| ১ | মুহাম্মদ সালেহউদ্দীন | অতিরিক্ত সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ | আহব্বায়ক |
| ২ | মো. দিলদার হোসেন | উপসচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ | সদস্য |
| ৩ | মোসা. কামরুন্নাহার | উপসচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ | সদস্য |
| ৪ | মো.এমদাদুল হক | পরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো | সদস্য-সচিব |

**কার্যপরিধি:** শোকদিবসের বিভিন্ন কর্মসূচী বাস্তবায়নে অর্থ ব্যবস্থাপনা সংক্রান্ত আনুষঙ্গিক যাবতীয় কার্যক্রমের পরিকল্পনা ও বাস্তবায়ন ।

- প্রত্যেক উপকমিটি প্রয়োজনবোধে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ বা বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর যে কোন কর্মকর্তা/কর্মচারীকে কো-অপ্ট করতে পারবে।

-০-

৩০/৭/২০২০